



“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও সাশ্রয়ী অভিবাসন নিশ্চিত করে”

ISO 9001 : 2015

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়েমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডান-এর জিয়া এ্যাপারেল কোম্পানিতে মহিলা গার্মেন্টস কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.০৫.০১০.২০- *116*

তারিখ : ০৭.০৭.২০২৪ খ্রি:

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানস্থ জিয়া এ্যাপারেল (GIA Apparel) ইন্ডাস্ট্রিজ লি: এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	আবেদনের মাধ্যম
০১	মেশিন অপারেটর (Machine Operator)	১০০ জন	১২৫ জর্ডানি দিনার	মহিলা কর্মীর ক্ষেত্রে অনলাইন আবেদন লিংক: https://brms.boesl.gov.bd/ (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করতে হবে।)

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। জর্ডানসহ বিদেশ ফেরত কর্মীদের নির্বাচনের জন্য বিবেচনা করা হবে। বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হতে গার্মেন্টস ট্রেড প্রশিক্ষণ প্রাপ্ত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৭) প্রত্যেক কর্মীকে ন্যূনতম দুইটি মেশিনের কাজে পারদর্শী হতে হবে।
- (৮) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি, জীবন বীমা এবং ওয়েজ আনর্সি কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। তবে মেডিকেল ফি, পিডিও ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা)
 - (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি
 - (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন
 - (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।
- আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী ১২ জলাই, ২০২৪ খ্রি. তারিখ শুক্রবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ টেলিফোন নম্বরে ও প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ এ যোগাযোগ করা যেতে পারে।

বি: দ্র: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়)
আবেদন এর ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন।

7.7.24
Habibullah Khan
Manager
BOESL, Dhaka.



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

N
নেতৃত্বাধীন
সহকারী মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।